BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref:

# সম্মানিত সকল সদস্যের জন্য

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২১/ ১৮৫ তারিখঃ ১৪/১১/২০২১

**বিষয় ঃ বন্দর, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়াডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট সেবার উপর প্রযোজ্য মূসক অব্যাহতি প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারন আদেশ নং- ০৯/মূসক/২০২১, তারিখ: ১১/১১/২০২১।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারন আদেশ নং- ২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯।

সম্মানিত সকল সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রোক্ত 'খ' সাধারন আদেশ জারীর মাধ্যমে বন্দর, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়াডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট সেবার উপর প্রযোজ্য মূসক অব্যাহতি গ্রহনের ক্ষেত্রে "সংশ্লিষ্ট কমিশনার মূসক অব্যাহতি সুবিধা প্রদান করিবেন" মর্মে উল্লেখ করে যে শর্ত আরোপ করা হয়েছিল বিজিএমইএ কর্তৃপক্ষের প্রচেষ্টার প্রেক্ষিতে সূত্রোক্ত 'ক' সাধারন আদেশ জারীর মাধ্যমে তা রহিত করা হয়েছে।

প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ দুইটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

১৪/১১/২০২১

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

D:\shahinur\circular for all member.docx

[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

তারিখঃ ২৬ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ।
১১ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

সাধারণ আদেশ নং- ০৯/মূসক/২০২১

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"বন্দর, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট সেবার উপর প্রযোজ্য মূসক অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে আমদানি বা রপ্তানি শুল্ক স্টেশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (যেমন: বন্দর) বা সংস্থা (যেমন: ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট), রপ্তানিকারক প্রতিষ্ঠানের মূসক নিবন্ধনপত্র এবং অন্যান্য দলিলাদি (যথা: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ বা অনুরূপ সংস্থার নিবন্ধনপত্র, সংশ্লিষ্ট রপ্তানিকারক এসোসিয়েশনের সদস্য হিসাবে সনদ ইত্যাদি) পরীক্ষান্তে প্রতিষ্ঠানের প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হইয়া (প্রতিষ্ঠানটি প্রকৃতপক্ষে শতভাগ সরাসরি রপ্তানিকারক/প্রচ্ছন্ন রপ্তানিকারক/ইপিজেড –এ অবস্থিত প্রতিষ্ঠান কিনা) মূসক অব্যাহতির সুবিধা প্রদান করিবে।"

০২। এই আদেশ ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

১১/১১/২০২১
(কাজী ফরিদ উদ্দীন)
প্রথম সচিব (মূসক নীতি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**[তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০৭.১৫/ ৬৬৬

তারিখঃ ১১ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-২। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)/ সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।

F:\sohel\Letter 2021\Generl order\সাধারণ আদেশ-২০ শতভাগ রপ্তানিকারক সংশোধন.doc 11/11/2021 5:01:32 PM

Scanned with CamScanner

৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।

১৬-২১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।

২২-২৮। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ঢাকা-১/ ঢাকা-২/ খুলনা/শুল্ক মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৯-৩৩। মহা-পরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, ঢাকা/শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো), ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৪। মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৫। কমিশনার, বন্ড কমিশনারেট ও IVAS Administrative unit, ১৬০/এ, আইডিইবি ভবন, ৮ম তলা, কাকরাইল, ঢাকা।

৩৬। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, কাকরাইল, ঢাকা।

৩৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৩৮-৪০। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/(কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন, বাড়ি নং- ৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লোক নং- এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।

৪৩। সভাপতি, বিকেএমইএ, প্রেস ক্লাব ভবন, (২য়, এবং ৪র্থ তলা), ২৩৩/১, বি.বি রোড নারায়নগঞ্জ।

৪৪। সভাপতি, BICDA, আকরামুজ্জামান সেন্টার (৮ম তলা), ২১-২২ আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম।

১১/১১/২১

( কাজী রেজাউল হাসান )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
E-mail: vatpolicy@gmail.com



Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯** **তারিখঃ** **১১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ।**
**২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক এর মাধ্যমে প্রদত্ত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত শতভাগ সরাসরি রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত মূসক অব্যাহতি সুবিধা গ্রহণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ পদ্ধতি নির্ধারণ করিল, যথা:

১। **প্রাকৃতিক গ্যাস, ওয়াসা ও বিদ্যুৎ বিতরণ সেবার মূসক অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে:**

(ক) প্রতিষ্ঠানটির কারখানা বা উৎপাদনস্থলে রপ্তানিকার্যে ব্যবহৃত মিটার নম্বরসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারের নিকট আবেদন করিতে হইবে;

(খ) প্রতিষ্ঠানটি যে মাসের বিল হইতে আলোচ্য অব্যাহতি সুবিধা গ্রহণ করিতে আগ্রহী সেই মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট আবেদন করিতে হইবে;

(গ) আবেদনপ্রাপ্তির পর কমিশনার সরেজমিনে রপ্তানি কার্যক্রম পরীক্ষাপূর্বক আবেদনকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর ও দাখিলপত্র যাচাইপূর্বক সন্তুষ্ট হইলে সুনির্দিষ্ট মিটারের বিপরীতে মূসক অব্যাহতি কার্যকর হওয়ার আদেশ জারি করিবেন এবং উহা সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন। যেই মাসের বিল হইতে আলোচ্য অব্যাহতির সুবিধা প্রযোজ্য হইবে সেই মাসের নাম উক্ত আদেশে সুস্পষ্টরূপে উল্লেখ করিতে হইবে;

(ঘ) যেই ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃপক্ষ সরাসরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিল ইস্যু না করিয়া ইপিজেড কর্তৃপক্ষের নামে বিল ইস্যু করে, সেই ক্ষেত্রে ইপিজেড কর্তৃপক্ষ ইহার আওতাভুক্ত সকল প্রতিষ্ঠানের নামে পৃথক পৃথকভাবে উল্লিখিত সেবার ব্যবহার ও বিলের পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে এবং সংশ্লিষ্ট কমিশনার উক্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রত্যয়নপত্রে বর্ণিত প্রতিষ্ঠানের রপ্তানি কার্যক্রম সন্তোষজনক হইলে মূসক অব্যাহতি সুবিধা প্রদান করিবেন।

তবে শর্ত থাকে যে, সেই ক্ষেত্রে যেই সেবা ইপিজেড কর্তৃপক্ষ নিজে ব্যবহার করে সেই সেবাসমূহের ক্ষেত্রে অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না এবং যথারীতি মূসক পরিশোধ করিতে হইবে;

(ঙ) কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন অন্যকোনো অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হইবে না;

(চ) একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যাহার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা তাহা হইলে বিদ্যুৎ বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে অর্থাৎ এই ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হইবে না।

২। বন্দর, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট সেবার উপর প্রযোজ্য মূসক অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে আমদানি বা শুল্ক স্টেশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (যেমন: বন্দর) বা সংস্থা (যেমন: ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট), রপ্তানিকারক প্রতিষ্ঠানের মূসক নিবন্ধনপত্র, দাখিলপত্র এবং অন্যান্য দলিলাদি (যথা: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ বা অনুরূপ সংস্থার নিবন্ধনপত্র, সংশ্লিষ্ট রপ্তানিকারক এসোসিয়েশনের সদস্য হিসেবে সনদ ইত্যাদি) পরীক্ষান্তে প্রতিষ্ঠানের প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হইয়া (প্রতিষ্ঠানটি প্রকৃতপক্ষে শতভাগ সরাসরি রপ্তানিকারক/প্রচ্ছন্ন রপ্তানিকারক/ ইপিজেড এ অবস্থিত প্রতিষ্ঠান কিনা) সংশ্লিষ্ট কমিশনার মূসক অব্যাহতির সুবিধা প্রদান করিবেন।